



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র : মাভাবিপ্রবি/রেজি./সংস্থাপন শাখা-১/এ-১২/২০১৭/

তারিখ : ২২ শ্রাবন ১৪২৪
০৬ আগষ্ট ২০১৭

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নিম্নলিখিত পদটি পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

পদের নাম, অফিসের নাম, পদের সংখ্যা ও বয়স	বেতনস্কেল ও গ্রেড (জা. বে. ২০১৫)	নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
ইমাম কেন্দ্রীয় জামে মসজিদ ০১টি সর্বোচ্চ ৩০ বছর	২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)	প্রার্থীকে দ্বিতীয় শ্রেণীতে কামিল অথবা কোন কওমী মাদ্রাসা হতে দাওরায় হাদিস পাস হতে হবে। কোন তৃতীয় বিভাগ শ্রেণী গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে কোরআন তরজমা, তফসির ও তেলাওয়াতের নিয়ম-কানুন এবং হাদিসের অনুবাদ ও ব্যাখ্যায় পারদর্শী হতে হবে। কণ্ঠস্বর সুমধুর ও আকর্ষণীয় হতে হবে। বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন হতে ইমাম প্রশিক্ষণ ও কোরআনে হাফেজ অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

- উপরোক্ত পদের আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা www.mbstu.ac.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে ২৬/০৮/২০১৭ তারিখের মধ্যে সংগ্রহ করা যাবে।
- “ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২”-এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার ওপর আবেদনপত্রের ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোনো শাখা থেকে ৮০০/- (আটশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ (অফেরতযোগ্য) প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত তিন কপি ছবি, সার্টিফিকেট/ট্রান্সক্রিপ্ট, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদ এবং সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান-এর নিকট হতে প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্তপূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- উল্লিখিত ২৬/০৮/২০১৭ তারিখের মধ্যে ০৭(সাত) সেট দরখাস্ত রেজিস্ট্রার বরাবর অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। যে কোনো দরখাস্ত গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। সরকারি/আধাসরকারি/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে এবং এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।

(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম)
রেজিস্ট্রার
মাভাবিপ্রবি।